হরিণাকুণ্ডুতে শ্রদ্ধায় স্মরণে জাতীয় শোক দিবস

প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ, আলোচনা সভা, শোক র্যালী, দু’আ মাহফিলসহ নানা আয়োজনে ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে পালিত হয়েছে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস।

সোমবার সকালে উপজেলা পরিষদ চত্তরে জাতির পিতার ম্যুরালে উপজলা পরিষদ, প্রশাসন, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, আওয়ামী লীগ, পৌরসভা, বাংলাদেশ পুলিশ, প্রেস ক্লাব, ছাত্রলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগসহ রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের পক্ষ থেকে পুস্পস্তবক অর্পণ করেন।

সকাল ১০টায় উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। ইউএনও সুস্মিতা সাহার সভাপতিত্বে এতে প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। এ সময় সহকারী কমিশনার (ভূমি) তানভীর হোসেন, পৌরসভার মেয়র ফারুক হোসেন, ওসি সাইফুল ইসলাম, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আফজাল হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, শরাফত দৌলা ঝন্টু, প্রেস ক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজু, স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিন, যুগ্ম আহবায়ক রাফেদুল হক সুমন, ছাত্রলীগের যুগ্ম আহবায়ক রুবেল রানা, শিক্ষার্থী সাকিব মোহাম্মদ শোয়েব প্রমূখ বক্তব্য দেন।

এ ছাড়াও এই উপলক্ষে উপজেলা আওয়ামী লীগ পুস্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও দু’আর মাহফিল করে। এসব অনুষ্ঠানে উপজেলা আওয়ামী লীগ সভাপতি মশিউর রহমান জোয়ার্দার ও সাধারণ সাধারণ সম্পাদক রবিউল ইসলামসহ দলীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সকাল ১১টায় ছাত্রলীগের যুগ্ম আহবায়ক রুবেল রানার নেতৃত্বে শোক র্যালী, ইসলামী ফাউন্ডশনের আয়োজনে আলোচনা সভা, দু’আ মাহফিল, যুব উন্নয়ন অধিদপ্তরের উদ্যোগে যুবক- যুবতীদের মাঝে যুব ঋণের চেক বিতরণসহ উপজেলার প্রতিটি গ্রামে গণভোজের আয়োজন করে আওয়ামী লীগসহ বিভিন্ন সহযোগি সংগঠন।

হরিণাকুণ্ডুতে তামাক নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে তামাক নিয়ন্ত্রণ আইন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষন অনুষ্ঠিত হয়।

এতে সভাপতিত্ব করেন এসিল্যান্ড তানভীর হোসেন। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এবং স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের সহযোগিতায় উপজেলা প্রশাসনের আয়োজিত প্রশিক্ষণে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা জামিনুর রশিদ, ওসি সাইফুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান রেশমা খাতুন, কৃষি কর্মকর্তা হাফিজ হাসান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা এস, এম, আবদুর রহমান, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ফজলুল হক, সমাজসেবা কর্মকর্তা শিউলী রাণী, ইউপি চেয়ারম্যান কামাল হোসেন, শরাফত দৌলা ঝন্টু, জাহিদুল ইসলাম, আবুল কালাম আজাদ, বসির উদ্দিন, প্রেস ক্লাব সভাপতি এম, সাইফুজ্জামান তাজু, সরকারি বেসরকারি দপ্তরের কর্মকর্তা, শিক্ষকসহ বিভিন্ন শ্রেণি ও পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুর সন্তান সাতক্ষীরায় এসপি পদে নিয়োগ

লাভ

বাংলাদেশ পুলিশের বিভিন্ন জেলায় কর্মরত বিসিএস (পুলিশ) ক্যাডারের পুলিশ সুপার (এসপি) পদমর্যাদার ৪০ জনকে বদলি করা হয়েছে।

বুধবার ৩ আগষ্ট রাষ্ট্রপতির পক্ষে এসপিদের এই আদেশে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের পুলিশ-১ শাখার উপসচিব ধনঞ্জয় কুমার দাস স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে বদলির আদেশ দেওয়া হয়। বদলিকৃত কর্মকর্তাদের মধ্যে এসবি’র পুলিশ সুপার কাজী মনিরুজ্জামান, বিপি-৭৬০৬১১৯৬৫৬ কে সাতক্ষীরার পুলিশ সুপার হিসেবে বদলি করা হয়েছে।

কাজী মনিরুজ্জামান ২০০৬ সালে ২৫তম বিসিএস (পুলিশ) ক্যাডারে উর্ত্তীণ হয়ে সহকারি পুলিশ সুপার পদে যোগদান করে পুলিশের চ্যালেঞ্জিং পেশায় আত্মনিয়োগের মাধ্যমে দেশ সেবায় ব্রতি হন। কর্মজীবনে তিনি ফেনিতে আলোড়ন সৃষ্টিকারী নুসরাত জাহান রাফি হত্যাকান্ডে জড়িত প্রভাবশালী ব্যক্তিদেরকে আইনী কাঠগড়ায় দাঁড় করাতে সাহসী ভূমিকা রেখে দেশব্যাপি বিশেষ ভাবে আলোচিত হন।

ইতিপূর্বে তিনি শ্রীমঙ্গলে র্যাব-৯ এর প্রিহেনসিভ কমান্ডিং অফিসারসহ দেশের বিভিন্ন জেলাতে পুলিশ অফিসার হিসেবে সুনাম, সাহসিকতা, দক্ষতা ও নিষ্টার সাথে দায়িত্ব পালন করে নিজ ডিপার্টমেন্টে বিশ্বস্থতা অর্জনের পাশাপাশি তিনি প্রধানমন্ত্রীর বিশেষ আস্থা অর্জনে সক্ষম হন। চৌকষ পুলিশ অফিসার হিসেবে তিনি একাধিকবার জাতিসংঘ শান্তি রক্ষা মিশনে অংশ গ্রহণ করে দেশের জন্য সুনাম আর খ্যাতি বয়ে আনেন। এছাড়া পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষে তিনি ইংল্যান্ড, মিশর, মালয়েশিয়াসহ বিশ্বের বিভিন্ন দেশে প্রশিক্ষন কর্মসিূচতে অংশ গ্রহণ করেন।

উল্লেখ্য কাজী মনিরুজ্জামান ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু পৌরসভার ৮ নং ওয়ার্ডের বৈঠাপাড়ার সম্ভ্রান্ত কাজী পরিবারে জন্ম গ্রহন করেন। শিক্ষা জীবনের হাতে খড়ি হয় তার নিজ গৃহে। প্রাতিষ্ঠানিক ভাবে হরিণাকুণ্ডু মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গুনী প্রধান শিক্ষক মরহুম আলফাজ উদ্দীন স্যারের নিবিড় তত্বাবধানে প্রাথমিক শিক্ষা সফল ভাবে সমাপ্ত করেন। পরবর্তীতে এলাকার ঐতিহ্যবাহী হরিণাকুণ্ডুু প্রিয়নাথ মাধ্যমিক বিদ্যালয়ের সুযোগ্য প্রধান শিক্ষক মানুষ গড়ার মহান শিল্পী মোসলেম উদ্দীন স্যারের ঐকান্তিক

প্রচেষ্টায় ১৯৯২ সালে যশোর শিক্ষাবোর্ডের মানবিক বিভাগ হতে রেকর্ড পরিমান নম্বর পেয়ে কৃতিত্বের সাথে এসএসসি পাশ করেন।

কুস্টিয়া সরকারি কলেজ হতে ১৯৯৪ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায় বোর্ড স্ট্যান্ড করে তিনি এলাকাবাসির কাছে নিজ মেধার সফল স্বীকৃতি অর্জনে সক্ষম হন। উচ্চতর শিক্ষা জীবনে তিনি প্রাচ্যের অক্সফোর্ড খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ে আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ হতে কৃতিত্বের সাথে স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি লাভ করেন। পারিবারিক জীবনে তিনি কাজী মরিয়মের সাথে বিবাহ বন্ধনে আবব্ধ হন। কাজী মরিয়ম ঢাকা বিশ্ববিদ্যালয় হতে বাংলা ভাষা ও সাহিত্যে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করে সুগৃহিনীর দায়িত্ব পালন করছেন। তাদের দু’সন্তানের মধ্যে প্রথম সন্তান একমাত্র পুত্র কাজী মুতাম্মীম মৌন এসএসসি পরীক্ষার্থী এবং কনিষ্ঠ সন্তান কন্যা জারা ৫ম শ্রেণিতে অধ্যয়ণ করছে।

কাজী মনিরুজ্জামান শিক্ষা বিস্তারের লক্ষে নিজ জনপদে দরিদ্র মেধাবী শিক্ষার্থীদের মেধা লালনের নিমিত্বে বৃত্তি প্রদান, কোমলমতি শিশু শিক্ষার্থীদের দেশ প্রেমিক নাগরিক হিসেবে গড়ে তোলার অভিপ্রায়ে শিশুদের পৃষ্ঠপোষকতায় অবদারন রাখার পাশপাশি এলাকার বিভিন্ন মসজিদসহ ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অঙ্গনে আন্তরিক সহযোগিতা দিয়ে আসছেন। বন্ধু বৎসল কাজী মনিরুজ্জামান বন্ধুদের কাছে জাহিদ নামে সুপরিচিত। শত ব্যস্ততার মাঝেও তিনি বছরে একবার হলেও বন্ধু-শুভাকাঙ্ক্ষীদের নিয়ে নিজ উদ্যোগে নির্মল আনন্দের জন্য মিলন মেলার আযোজন করে বন্ধুত্বে বন্ধনকে চির অম্লান করে রাখতে দৃঢ় প্রতিজ্ঞ। বন্ধুরাও ছুটে এসে এসময় নিজেদের সুখ দুঃখের কথা অকৃপণ ভাবে ভাগাভাগি করেন। দুস্থ্য বন্ধুদের কল্যানে তার অকৃত্রিম সহযোগি -তা সকলে গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করে থাকে।

এছাড়া মানবিক এই পুলিশ সুপার করোনাসহ বিভিন্ন দূর্যোগকালিন সময়ে তিনি এলাকার বিপন্ন নাগরিক সমাজের পাশে প্রিয় স্বজনের মত দাঁড়িয়ে এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেন। করোনা বিপন্ন কর্মহীন সময়ে তিনি মুক্তিযোদ্ধা, আলেম-ওলামা, ইমাম-মোয়াজ্জিন, কবি-সাহিত্যিক, মানবাধিকার কর্মী, ভ্যান চালক, টেইলর কর্মী, কৃষক-শ্রমিক, উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থী ও তার অভিবাবকসহ অসুস্থ্য অসচ্ছল ব্যক্তিদের প্রতি নিরবে নিভৃতে সহমর্মিতার হাত বাড়িয়ে দিয়ে আসছেন।

সাতক্ষীরার নবনিযুক্ত পুলিশ সুপার হিসেবে কাজী মনিরুজ্জামান দুষ্টের দমন আর শিষ্টের পালনের মধ্য দিয়ে অনন্য নজীর গড়বেন বলে আমরা দৃঢ়ভাবে আশাবাদী। আমরা তার উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

হরিণাকুণ্ডুতে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু সরকারি লালন শাহ কলেজের দুই দিনব্যাপী বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার ও আজ বুধবার কলেজ প্রাঙ্গণে এই প্রতিযোগিতা চলে। পরে বিকেলে বিজয়ী প্রতিযোগিদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলা বিভাগের বিভাগীয় প্রধান সহযোগী অধ্যাপক শরিফুজ্জামান। প্রধান অতিথি হিসেবে ছিলেন কলেজের অধ্যক্ষ আতিয়ার রহমান। বিশেষ অতিথি ছিলেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রধান অধ্যাপক আতাউর রহমান, দর্শন বিভাগের প্রধান অধ্যাপক আব্দুল ওয়াহেদ ও রাষ্ট্রবিজ্ঞানের বিভাগীয় প্রধান সহকারী অধ্যাপক নজরুল ইসলাম।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন প্রভাষক আব্দুল্লাহ আল মামুন।

হরিনাকুন্ডতে সড়ক পুনর্নির্মাণের দাবিতে

মানববন্ধন

ঝিনাইদহের হরিণাকুন্ডুর সাধুহাটি-তৈলটুপি লালন সড়কের পুনর্নির্মাণের দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থী, ইজিবাইক শ্রমিক, ব্যবসায়ীসহ সাধারণ মানুষ।

সোমবার সকাল ১১টায় উপজেলার দোয়েল চত্তর মোড়ে এই মানববন্ধন হয়। প্রায় দুই কিলোমিটার সড়ক জুড়ে মানববন্ধনে ব্যানার ও ফেস্টুন নিয়ে তারা সড়কটির দ্রুত পুনর্নির্মাণের দাবি জানান তারা।

মানববন্ধণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন হরিনাকুন্ড পৌরসভার মেয়র ফারুক হোসেন।মেয়র ফারুক হোসেন বলেন, প্রায় দেড় বছর আগে টেন্ডার হয়েছে। নানা টালবাহানা করে ঠিকাদার কাজ শুরু করছেন না। বেহাল সড়কে মানুষের ভোগান্তি ক্রমেই বাড়ছে। তিনি কর্তৃপক্ষের নিকট সড়কটির দ্রুত পুনর্নির্মাণের দাবি জানান।

এছাড়া বক্তব্য রাখেন, শহরের শিশুকলি মাধ্যমিক বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থী অভিজিৎ সাহা,ইজিবাইক শ্রচালক মানিক হোসেনসহ অন্যান্যরা।

উপজেলা এলজিইডি সূত্রে জানা গেছে, শহরের দোয়েল চত্তর মোড় থেকে তৈলটুপি পর্যন্ত সড়কটির দৈর্ঘ্য ১৬ কিলোমিটার। ২০০০ সালে এর কার্পেটিংয়ের কাজ হয়। এর মধ্যে ২০১৯ সালে তৈলটুপি পর্যন্ত সাড়ে তিন কিলোমিটার কার্পেটিং হয়। ২০২১ সালে বাকি সাড়ে বারো কিলোমিটার পুনর্নির্মাণের জন্য টেন্ডার হয়। ইপিআইসি কেএপি পিওটি একেএইচআই জেভি নামে ঢাকার একটি ঠিকাদারি প্রতিষ্ঠান এর কাজ পায়। এলজিইডির আম্পান প্রকল্পের মাধ্যমে ৯ কোটি ৭২ লাখ ৬৩ হাজার টাকা ব্যয় ধরা হয়েছে এই সড়কটি পুনর্নির্মাণের জন্য।

দরপত্র আহব্বানের দেড় বছরেও পুনর্নির্মাণ কাজ শুরু না হওয়ায় ক্ষোভ বিরাজ করছে তাদের মাঝে।

সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে ভোগান্তিতে পড়েছেন শিক্ষার্থীসহ সাধারণ মানুষ। প্রায়ই ঘটছে ছোট-বড় দুর্ঘটনা। সড়কের বিভিন্ন স্থানে খোয়া উঠে সৃষ্টি হয়েছে খানাখন্দ আর গর্তের। অনেক স্থানে বর্ষার পানি জমে তলিয়ে গেছে সড়ক।

হরিণাকুণ্ডু প্রেসক্লাবের বার্ষিক কমিটি গঠন

ঝিনাইদহের হরিণাকুণ্ডু প্রেসক্লাবের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। পূর্বের কমিটির সহ সভাপতি মুস্তাফিজুর রহমান এল বি লিটনের সভাপতিত্বে রবিবার বিকালে প্রেসক্লাব কার্যালয়ে সর্বসন্মতিক্রমে মেয়াদ উত্তীর্ণ পূর্বের কমিটি বিলুপ্ত করে নতুন কমিটি গঠন করা হয়েছে।

সভায় সকল সদস্যের সম্মতিক্রমে দৈনিক নবচিত্র, প্রতিদিনের কথা ও ডেইলি ইন্ডাস্ট্রিজ পত্রিকার উপজেলা প্রতিনিধি এবং সাবেক সাধারণ সম্পাদক এইচ মাহবুব মিলু কে সভাপতি এবং দৈনিক গ্রামের কন্ঠ পত্রিকার উপজেলা প্রতিনিধি সুদিপ্ত সালাম কে সাধারণ সম্পাদক করে ৩৩ সদস্য বিশিষ্ট বার্ষীক কমিটি গঠন করা হয়েছে।

এ সময় সিনিয়র সহ সভাপতিঃ মুস্তাফিজুর রহমান এল বি লিটন,সহ-সভাপতিঃ আনিচুর রহমান লিটন,ডাঃ আবুল কালাম আজাদ,বিপ্লব হোসেন। যুগ্ম-সাধারণ সম্পাদকঃ রাব্বুল হোসাইন(দেশের কন্ঠ), হাবিবুর রহমান রুবেল, (দৈনিক আমার সংবাদ), মাওলানা তৈয়বুর রহমান(দৈনিক পশ্চিমাঞ্চল), ডাঃ মোঃআশরাফুল ইসলাম(মেহেরপুরপ্রতিদিন),সাংগঠনিক সম্পাদকঃ জাভেদ হাসান আক্তার(সময়ের সমীকরণ), সহ-সাংগঠনিক সম্পাদকঃ আশরাফুল আলম(সকালের সময়), দপ্তর সম্পাদকঃ সোহরাব হোসেন(বাংলাদেশের আলো), প্রচার সম্পাদক রাজন, অর্থ সম্পাদক আব্বাস উদ্দীন,ধর্ম বিষয়ক সম্পাদক শরিফ আহম্মেদ চাঁদ, সাহিত্য ও ক্রিড়া বিষয়ক সম্পাদক ইকতিয়ার উদ্দীন(দৈনিক শ্যামবাজার), আই সি টি বিষয়ক সম্পাদক মোস্তাফিজুর রহমান টুটুল।কার্য নির্বাহী সদস্য শাহাদত মাষ্টার, আরিফুর রহমান, সবুজ সাহরিয়ার,এবং মামুনুর রশিদ,আল মামুন হাসান,আশিকুজ্জামান,কামরুল হাসান লিবনকে সদস্য করা হয়েছে।

হরিণাকুণ্ডুতে দুবলোকুড়ির বিলে ফুলের হাসী

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার দৌলতপুর ইউনিয়নের রামচন্দ্রপুর গ্রামের দুবলোকুড়ির বিলে ফুল চাষ করে সাফল্য পেয়েছেন চাষি শিশির। বাহারি রং আর সুগন্ধে ভরপুর ফুলের বাগান। ৪৬ শতক জমিতে রজনিগন্ধা, গোলাপ ফুল,গাঁদাফুল, চন্দ্রমল্লিকা ফুল,চাইনা গোলাপফুলের সুবাশ প্রতিনিয়তই ছড়াচ্ছে।

রজনিগন্ধা, গোলাপ ফুল,গাঁদাফুল, চন্দ্রমল্লিকা ফুল,চাইনা গোলাপের চাষ করে গতো বছরে ৯০ হাজার টাকার ফুল বিক্রি করেছেন তিনি। তবে বাজার যদি স্বাভাবিক থাকে তাহলে অনায়াসে ৪ থেকে ৫ লক্ষ টাকা আয় করা সম্বব বলে আশা করেন এই চাষি।

হরিণাকুণ্ডু উপজেলার ৪ নং দৌলৎপুর ইউনিয়নের রামচন্দ্রপুর (কাদিখালী) গ্রামের এই চাষি শিশির আহম্মেদ জানান,গতো ২০১৮ সালে দুবলোকুড়ির বিলের ধারে ৪৬ শতক জমিতে পরীক্ষামূলকভাবে ফুল চাষ করে ছিলেন তিনি। প্রাথমিকভাবে লক্ষাধিক টাকা খরচ হলেও প্রথম বছরেই ৯০ হাজার টাকার ফুল বিক্রি করেছিলাম। শুরুতেই মহামারী মরণব্যধী করোনা ভাইরাসে প্রায় এক লক্ষ টাকার লোকসান গুনতে হয়। তারপরও থেমে থাকেনি তরুণ এই উদভাবনীর স্বপ্ন। ফুল চাষের ব্যাপক সম্ভাবনা দেখেই ধানের আবাদ বাদ দেন। চলতি মৌসুমে আরও কিছু জমিতে এই চাষ বাড়ানো হবে। সরকারি সহায়তা পেলে আগামিতে এই ফুল চাষ বৃহত্তর পরিসরে করতে চাই। আমি এই ফুল অত্র অঞ্চলের চাহিদা মিটিয়ে জেলা শহর সহ অন্যান্য অঞ্চলেও বানিজ্যিক ভাবে পাঠিয়ে থাকি। খুলনা অঞ্চলের রাজারহাট কোয়াদা থেকে চারা এনে ফুল লাগানোর প্রথম বছরেই আমি ফুল বিক্রি করতে পেরেছিলাম।

ফুল চাষি শিশির আরও জানান, বেলে দোআঁশ মাটিতে অল্প পরিচর্যা আর খরচে ফুলের চাষ হচ্ছে। শুকনা মৌসুম হচ্ছে ফুল চাষের একটি ফুল মৌসুম। আমাদের অঞ্চলের মাটি ভালো হওয়ায় তেমন কোনও ক্ষতি হয় না। বর্তমানে প্রতিটি গোলাপ সাধারণত ১০ টাকা,প্রতি একশ গাঁদা ফুল ৬০ থেকে ৭০ টাকা, প্রতিটি রজনিগন্ধা ৯ থেকে ১০ টাকায় বিক্রি করছেন।

জানাগেছে তরুণ এই স্বপ্ন বিলাসী ২০১০ সালে ঝিনাইদহ জেলার

শিশুকুঞ্জ স্কুল এণ্ড কলেজ থেকে এস,এস,সি পাশ করেন। পরবর্তীতে ২০১২ সনে এইচ এস সি, তারপর দেশের দক্ষিণ পশ্চিম বঙ্গের হরিণাকুণ্ডু উপজেলার ঐতিহ্যবাহী লালন শাহ কলেজ থেকে অনার্স রাষ্ট্র বিজ্ঞানে উচ্চ শিক্ষা জীবন শুরু করলেও খুব বেশীদিন টিকতে পারেন নি। সাংসারিক রোষানল পেছন থেকে টেনে ধরে আটকে গেলো বৈবাহিক জীবনে। আর হলো না শিক্ষা। তাই বলে কি থেমে যাবে স্বপ্ন? না থেমে থেকে নি এই তরুণের চোখ জুড়ানো স্বপ্ন। এখন সে স্বপ্ন দেখে আগামীদিনের পর্যাটন এলাকা হিসেবে গড়ে তুলতে চাই।

হরিণাকুণ্ডু সরকারি লালন শাহ কলেজের এক রাষ্ট্র বিজ্ঞানে অনার্স পড়ুয়া ছাত্র রুবেল মিয়া জানান, ঐ এলাকাতে এক বিঘা জমিতে এই ফুল চাষ করা হয়েছে। আমি এর পাশাপাশি দুবলোকুড়ির বিলে ধারে ফুলচাষের নতুন সম্ভাবনার সৃষ্টি হয়েছে। এখন এই দুবলোকুড়ির বিলে ধারের উৎপাদিত ফুল দিয়ে অনেকটা চাহিদা পুরণ করা সম্বব হচ্ছে।

এদিকে উপজেলা কৃষি কর্মকর্তা হাফিজ হাসান জানান, হরিণাকুণ্ডুতে ফুল চাষের ব্যাপক সম্ভাবনা আছে।আমাদের মাটি ও জলবায়ু্ও ফুল চাষের জন্য উপযোগী। দুবলোকুড়ির বিলের ধারে ফুল চাষ হচ্চে শুনেছি। হরিণাকুণ্ডু কৃষি অফিস থেকে এখনো তেমন কোন সহযোগীতা দেয়া হই নাই। গান্না ফুল চাষী সমিতির সাথে দুই দিন কথা বলেছি, তারা বলেছে হরিণাকুণ্ডু থেকে কোন কৃষক ফুল চাষে এগিয়ে আসলে বাজারজাত করার বিষয়ে তারা সর্বাত্মক সহযোগীতা করবেন। সেই সাথে হরিণাকুণ্ডু কৃষি অফিস কৃষকের মার্কেট লিংকেজ তৈরী করা সহ বিশেষ করে চাষের সময় যে কোন রকমের সহযোগীতা করতে কৃষকের পাশে থাকবে। তিনি আরো বলেন, এই মহূর্তে আমাদের কোন প্রকল্প নেই ফুল চাষের বিষয়ে ।

তবে বেশ কিছু কৃষক আগ্রহী থাকলে ভবিষ্যতে আমরা প্রস্তাব পাঠাবো, যেন হরিণুাকণ্ডুতেও ফুল চাষে সরকারী যে সকল সহযোগীতা করা হয়, সেগুলো যেন এখানের পাওয়া যায় সেবিষয়ে আমরা রিপোর্ট পাঠাবো এবং আশা করি কৃষক আগ্রহী থাকলে আগামী বছর আমরা সরকারী কোন সহযোগীতা পেতে পারি

হরিণাকুণ্ডুতে অবৈধ ম্যানেজিং কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন

ঝিনাইদহের হরিনাকুণ্ডু উপজেলার ভায়না ইউনিয়নের বাকচুয়া লক্ষীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সািইদুর রহমান
(দুদু) রহমানের অপসারণ ও অভিযুক্ত পকেট ব্যবস্থাপনা কমিটি বাতিলের দাবিতে মানববন্ধন করেছে বিদ্যালয়টির সাবেক অবিভাবক সদস্য, অভিভাবক,শিক্ষার্থী সহ এলাকাবাসীর একাংশ।

বুধবার(১২ জানুয়ারি) সকালে ১১টায় বাকচুয়া লক্ষিপূর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে সাবেক অবিভাবক সদস্য মনু মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত মানববন্ধনে বক্তারা বিদ্যালয়ের অবৈধ ব্যবস্থাপনা কমিটি বাতিল ও দূর্ণীতিবাজ প্রধান শিক্ষকের অপসারনের দাবী জানিয়েছেন।

সাবেক ব্যবস্থাপনা কমিটির অবিভাবক সদস্য ও মানববন্ধনের সভাপতি মনু মিয়া তার বক্তব্যে বলেন, কোনও নির্বাচন বা সদস্যদের ভোটাধিকার ছাড়াই প্রধান শিক্ষক চাপের মূখে ঘরে বসেই এই কমিটি গঠন করেছে,। দুর্নীতিবাজ এই প্রধান শিক্ষক ইতিপূর্বে বেশ কয়েকটি নিয়গে নিয়গ প্রতি ৬ থেকে প্রায় ১০ লক্ষ টাকা বানিজ্য করা সহ নিয়োগ বানিজ্যের টাকা আত্মসাৎ করার লক্ষেই এই অনিয়ম করে পকেট ব্যবস্থাপনা কমিটি করা হয়েছে জানিয়েছেন।

সাবেক অবিভাবক সদস্য বিপুল মন্ডল বলেন এই প্রধান শিক্ষক একজন দুর্নীতিবাজ ,তাঁর অপকর্মের কথাবলে শেষ করা সম্ভব নয়, বাকচুয়া ও লক্ষিপূর এই দুই গ্রামের মানুষের চাওয়া ছিলো নির্বাচনের মধ্যদিয়ে একটি সচ্ছো কমিটি উপহার দেওয়া কিন্তু বসির ও রাজু মাস্টারের যোগসাজশে প্রধান শিক্ষক অনিয়ম করে এই কমিটি করেছে, আমি এই অন্যায় কমিটি বাতিল সহ প্রধান শিক্ষক সাইদুর রহমানের অপশাসনের দাবী জানাচ্ছি।

বিদ্যালয়ের ১০ম শ্রেণীর ছাত্রী লিমা খাতুনের পিতা শামিম আহম্মেদ, বিদ্যালয়টির সহকারী শিক্ষক জয়নুল আবেদীন,মনিরুজ্জামান একই বক্তব্য উপস্থাপন করেন।

মানববন্ধনে অংশ নেওয়া ছাত্র ও ছাত্রীরা বলেন, প্রধান শিক্ষক

স্কুলে উন্নয়ন না করে স্কুলের মাটি ও স্কুলের জমিতে থাকা আম,কাঠাল ও লিচু বিক্রির টাকা আত্মসাৎ করেছে বলে অভিযোগ করেছে। উল্লেখ্য মানববন্ধনে স্কুলের ছাত্র ছাত্রী সহ তাদের অবিভাবক ও এলাকার সাধারণ মানুষ অংশগ্রহন করে।

হরিণাকুণ্ডুতে জেলহত্যা দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে জেল হত্যা দিবস উপলক্ষে উপজেলা আওয়ামী লীগ’র উদ্যোগে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার ঐতিহাসিক ৩ নভেম্বর সকালে জেলহত্যা দিবস উপলক্ষে উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে জাতীয় পতাকা ও দলীয় পতাকা উত্তোলন করা হয়।

এর পর উপজেলা আওয়ামী লীগের দলীয় কার্যালয়ে উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব মশিউর রহমান জোয়ার্দারের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, যুগ্ম সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, সাবেক চেয়ারম্যান সাবদার আলী,

চাঁদপুর ইউনিয়নের সভাপতি ফজলুর রহমান, উপজেলা যুবলীগের আহবায়ক জেলা পরিষদ সদস্য আশরাফুল হক জুয়েল। উপজেলা ছাত্রলীগ সাবেক সভাপতি রফিকুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের আহবায়ক রিগ্যান আলী, আমরা মুক্তিযোদ্ধার সন্তান কমান্ডের উপজেলা সভাপতি সুমনসহ আওয়ামী লীগ, যুবলীগ, কৃষক লীগ, ছাত্রলীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে আওয়ামী লীগ নেতা মাওলানা তৈয়বুর রহমান জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, জাতীয় চার নেতাসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া করেন।